গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন ও উন্নয়ন শাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**বিষয়ঃ ২০২১/২২ অর্থবছরের (এপ্রিল/২০২২) ১০ম সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ : ২৪-০৪-২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : প্রধান কার্যালয়ের সভাকক্ষ (লেভেল-১৩)
উপস্থিতি : **পরিশিষ্ট-ক**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ | ০৬-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ০৬-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ২। | আলোচ্য বিষয় অন্তর্ভূক্তি | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, সভার কার্যপত্রের আলোচ্যসূচীতে নতুন কোন বিষয় অন্তর্ভূক্তির প্রস্তাব পাওয়া গেলে তা আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করা হবে। | পরবর্তি সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় অন্তর্ভুক্ত করতে চাইলে সংশ্লিষ্ট সকলকে সভা অনুষ্ঠানের অন্তত ০৩ (তিন) কার্যদিবস পূর্বে সে বিষয়ে লিখিত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। | ১। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩। | মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন | প্রধান কার্যালয়/উপমহাপরিদর্শকের কার্যালয়ের কোনো কর্মকর্তা বিভিন্ন অঞ্চলে দাপ্তরিক বা ব্যক্তিগত কাজে গেলে রোপিত বৃক্ষের সাম্প্রতিক অবস্থা পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | অত্র দপ্তরের কোনো কর্মকর্তা বিভিন্ন অঞ্চলে দাপ্তরিক বা ব্যক্তিগত কাজে গেলে রোপিত বৃক্ষের সাম্প্রতিক অবস্থা পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে। | ১। প্রশাসন ও উন্নয়ন (প্রধান সমন্বয়কারী) )<br>৩। উপমহাপরিদর্শক (প্রশাসন ও |

চলমান পাতা- ০২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | উন্নয়ন)<br><br>৪। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>৫। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকবৃন্দ |
| ৪। | LIMA সংক্রান্ত কার্যক্রম | উপমহাপরিদর্শক ফরিদপুর বলেন, লিমার ফিচা্র ব্যবহার-বান্ধব করার জন্য এরসাথে কতিপয় বিষয় অন্তর্ভুক্ত করার প্রয়োজন।<br><br>মহাপরিদর্শক বলেন, লিমার ফিচার আপডেট করার লক্ষ্যে GIZ এর ট্যাকনিক্যাল টিমের সাথে আলোচনা করে ডাইফের ৩-৪ জন উপমহাপরিদর্শক ও লিমা টিমের সদস্যরা একটি কর্মশালার আয়োজন করবে। | লিমার ফিচার আপডেট করার লক্ষ্যে GIZ এর ট্যাকনিক্যাল টিমের সাথে আলোচনা করে ডাইফের ৩-৪ জন উপমহাপরিদর্শক ও লিমা টিমের সদস্যরা একটি কর্মশালা মে মাসের দ্বিতীয় সপ্তাহে আয়োজন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সেফটি)<br>৩।উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। LIMA সাপোর্ট টিম<br>০৫। জনাব রাশেদুল আলম, শ্রম পরিদর্শক (সেইফটি) |
| ৫। | হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি | সভায় উপমহাপরিদর্শক (সাধারণ) বলেন, হেল্পলাইন নাম্বারটি অধিদপ্তরের নিজস্ব ব্যবস্থাপনায় চলমান রয়েছে এবং হেল্পলাইনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পন্ন করা হচ্ছে। তিনি হেলপলাইনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের তথ্য (২০২১-২২ অর্থবছরের) সভায় উপস্থাপন করেন (সংযুক্তি-০২) । তিনি আরও জানান যে, হেল্পলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ সুস্পষ্ট বিবরণীসহ লিপিবদ্ধ করার জন্য হেল্পলাইনে নিযুক্ত শ্রম পরিদর্শকগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>সহকারী মহাপরিদর্শক (সেইফটি) জানান, স্টাফ মিটিং-এর সিদ্ধান্তের আলোকে ডাইফের ইনোভেশন টিম কর্তৃক অভিযোগ সংক্রান্ত একটি ফরম লিমায় অন্তর্ভুক্তির প্রয়োজনীয় কার্যক্রম স্বল্প | (ক) শ্রমিকদের নিকট প্রচারণার মাধ্যমে হেল্পলাইনের ব্র্যান্ডিং অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) আইন অনুযায়ী সকল অভিযোগ নিস্পত্তি করে প্রতি মাসের শেষে রিপোর্ট প্রধান কার্যালয়ের সাধারণ শাখায় প্রেরণ করতে হবে।<br><br>**(গ)** ইনোভেশন টিম কর্তৃক **অভিযোগ** সংক্রান্ত একটি ফরম লিমায় অন্তর্ভুক্তির প্রয়োজনীয় কার্যক্রম স্বল্প সময়ের মধ্যে গ্রহণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। উপমহাপরিদর্শক (সাধারণ)<br><br>৪। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৫। আইসিটি সেল |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | সময়ের মধ্যে গ্রহণ করা প্রয়োজন। | | |
| ৬। | শিশুশ্রম নিরসন | উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) সভাকে জানান, ২০২১-২০২২ অর্থবছরে (জুলাই/২০২১ হতে মার্চ/২০২২) পর্যন্ত ৩১৪০ জন শিশুকে শ্রম হতে প্রত্যাহার করা হয়েছে **(জেলাভিত্তিক প্রতিবেদনঃ সংযুক্তি-০৩)**। শিশুশ্রম নিরসনে প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান আছে। শুদ্ধাচার কাঠামোর আওতায় ওয়ারী এবং তেজগাও এলাকার ১৮ (আঠার) টি কারখানা অদ্যাবধি পরিদর্শন করা হয়েছে।<br>মহাপরিদর্শক বলেন, শিশুশ্রম নিরসনে প্রণীত কর্মপরিকল্পনা মন্ত্রণাল হতে অনুমোদনের পর তার বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) প্রতি মাসে কতজন শিশু শ্রম নিরসন হয়েছে তা প্রধান কার্যালয়ের স্বাস্থ্য শাখায় প্রেরণ করতে হবে। প্রতিবেদনে শ্রম হতে প্রত্যাহারকৃত শিশুর বিস্তারিত বিবরণ **(মোবাইল নাম্বারসহ অন্যান্য সকল তথ্য)** উল্লেখ করতে হবে।<br>**(খ)** শিশুশ্রম নিরসনে প্রণীত কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়ন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। পরিকল্পনা ও উন্নয়ন সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (ঢাকা) |
| ৭। | APA এর লক্ষ্যমাত্রা অর্জন | পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরে মন্ত্রণালয়ের সাথে অঙ্গীকারাবদ্ধ এপিএ চুক্তি মোতাবেক, দপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি সন্তোষজনক (অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত) হলেও নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা কার্যালয়ের উপমহাপরির্শকগণকে অনুরোধ জানানো হয়। তিনি আরও জানান যে, লক্ষ্যমাত্রা বাস্তবায়নে প্রধান কার্যালয়ের এপিএ টিম কর্তৃক নিয়মিত মনিটরিং করা হচ্ছে।<br>মহাপরিদর্শক বলেন, ২০২২-২৩ অর্থবছরের জন্য উপমহাপরিদর্শকগণের সাথে আলোচনা করে নতুন সূচক নির্ধারণপূর্বক এপিএ কাঠামো পুনর্নিধারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) ২০২১-২২অর্থবছরের APA অনুযায়ী সকল সূচকের লক্ষ্যমাত্রা পূরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) APA সংক্রান্ত মাসিক রির্পোট প্রধান কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে।<br>(গ) **২০২১-২২ অর্থবছরের APA লক্ষ্যমাত্রা আগামী ৩১ মে, ২০২২ এর মধ্যে ১০০% অর্জন করতে হবে।**<br>(ঘ) অর্জিতব্য নতুন সূচক অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২) উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। APA ফোকাল কর্মকর্তা ও APA টিম |
| ৮। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জানান, ২০২১-২২ অর্থবছরে এপিএ চুক্তি অনুযায়ী কার্যক্রম অব্যাহত থাকবে মর্মে | (ক) APA সহ শুদ্ধাচার এবং ইনোভেশন কাঠামোর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পাদন করতে | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | সকল উপমহাপরিদর্শকগণ সভাকে অবহিত করেন। এছাড়াও উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে প্রধান কার্যালয় হতে রিসোর্স পার্সনকে আমন্ত্রণ জানালে প্রশিক্ষণটি আরো সাফল্যমন্ডিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | হবে। পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপন করতে হবে।<br>(খ) অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রযোজ্য ক্ষেত্রে "বাংলাদেশ শ্রম আইন-২০০৬" এবং "বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫"-এর বিভিন্ন অধ্যায় প্রশিক্ষণের বিষয় হিসাবে অন্তর্ভূক্ত করতে হবে।<br>(গ) অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রধান কার্যালয়ের রিসোর্স পার্সনদেরকে অন্তর্ভূক্ত করতে হবে। | উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন<br>৩।উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। প্রশিক্ষণ সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>**৫। SDG বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** |
| ৯। | বাজেট বরাদ্দ | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে **PPA-২০০৬** এবং **PPR-২০০৮** অনুসরণপূর্বক খরচ করার বিষয়ে মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | ১। সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক খরচ করতে হবে।<br>**২। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এ বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত প্রতিবেদন প্রত্যেক মনিটরিং টিম পৃথকভাবে উপস্থাপন করবেন।** | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। হিসাব উপশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১০। | Industrial safety unit (ISU) | সহকারী মহাপরিদর্শক (সেফটি) সভাকে জানান যে, ১৫০টি কারখানায় পত্র প্রেরণ করা হয়েছে। ১০০% সংস্কার কাজ সম্পন্ন না হলে কোন উপমহাপরিদর্শক মহোদয়ই লাইসেন্স নবায়ন দিচ্ছেন না। মে মাসের মধ্যে National Initiative এর অধীন ৩৭টি কারখানা পরিদর্শন করে তার | (ক) আরএমজি কারখানা সংস্কার এবং রেড কারখানা আলোচ্য বিষয়ের পরিবর্তে আইএসইউ আলোচ্য সূচিতে অন্তর্ভূক্ত করতে হবে।<br>(খ) মে মাসের মধ্যে National | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। সহকারী মহাপরির্শক (সেফটি)<br>৩। সংশ্লিষ্ট |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | তালিকা উপমহাপরিদর্শক মহোদয়দেরকে দেওয়া হবে যেন তাঁরা লাইসেন্স নবায়ন দিতে পারেন। তিনি আরো বলেন EU এর লক্ষ্যামাত্রা আছে যে ১৫০টি কারখানায় Business plan implement করতে হবে, সেলক্ষ্যে ডাইফ মালিকপক্ষের সহযোগিতায় কারখানার কমপ্লায়েন্স নিশ্চিতে কাজ করবে। যদি মালিকপক্ষ কমপ্লায়েন্স নিশ্চিত করতে ব্যর্থ হন তবে শ্রম আইন অনুযায়ী উপমহাপরিদর্শকগণ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।<br>আরএমজি এবং নন-আরএমজি কারখানা নিয়ে কাজ হওয়ায় আরএমজি কারখানা সংস্কার এবং রেড কারখানা আলোচ্য বিষয়ের পরিবর্তে আইএসইউ আলোচ্য সূচিতে অন্তর্ভূক্ত করা যেতে পারে।<br>মহাপরিদর্শক বলেন Better work সংক্রান্ত কার্যক্রম আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত হবে। | Initiative এর অধীন ৩৭টি কারখানা পরিদর্শন করে তার সারসংক্ষেপ তালিকা উপমহাপরিদর্শকদের প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br>(গ) Better work সংক্রান্ত কার্যক্রম আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে। | উপমহাপরিদর্শকগণ |
| ১১ | ইনোভেশন কার্যক্রম | মহাপরিদর্শক বলেন, আগামী অর্থবছরে ইনোভেশন খাতে জেলা কার্যালয়গুলোকে বাজেট বরাদ্দের নিমিত্ত কোড প্রাপ্তির লক্ষ্যে চিঠি পাঠাতে হবে এবং বরাদ্দ প্রদান করতে হবে। | আগামী অর্থবছরে ইনোভেশন খাতে জেলা কার্যালয়গুলোকে বাজেট বরাদ্দের নিমিত্ত কোড প্রাপ্তির লক্ষ্যে চিঠি প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |
| ১২ | ই-ফাইলিং | অধিদপ্তরের সকল কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল উপমহাপরিদর্শকের কার্যালয় ও প্রধান কার্যালয়কে উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | সকল দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৩ | নিজস্ব অফিস ভবন নির্মাণ | উপমহাপরিদর্শক (রাজশাহী), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নিজস্ব প্রধান কার্যালয় আগাঁরগাও স্থাপনের জন্য উদ্যোগ গ্রহণ করার বিষয়টি বিবেচনার অনুরোধ করেন।<br>মহাপরিদর্শক বলেন, প্রধান কার্যালয়ের জন্য আগারগায়ে ১০ (দশ) কাঠা জমি বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা যায়। | (ক) সকল নতুন ভবন অধিদপ্তরের নিজ নামে অধিগ্রহণ করতে হবে।<br>(খ) আগারগাঁও, ঢাকায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় স্থাপন এর জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৪ | অধিদপ্তরের নাম পরিবর্তন | আইএলও কনভেনশন-৮১ মোতাবেক, সভায় উপস্থিত সকল সদস্য অধিদপ্তরের | অধিদপ্তরের পরিবর্তিত নাম হিসাবে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** | ১। যুগ্মমহাপরিদর্শক |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | নাম পরিবর্তন করে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** করা যায় মর্মে একমত পোষণ করেন। | নামটি বিবেচনার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | (প্রশাসন ও উন্নয়ন) |
| ১৫ | SDG | SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, SDG বাস্তবায়ন বিষয়ক খসড়া কর্মপরিকল্পনা ইতোমধ্যে চূড়ান্ত করা হয়েছে। অদ্যাবধি ১৩টি জেলায় উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হয়েছে এবং পর্যায়ক্রমে আরও ১০টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হবে। আগামী ১৫ জুনের মধ্যে বাকি জেলা সম্পন্ন করতে হবে। ১৫ জুনের পর ২৩টি কার্যালয়ে সম্পন্ন সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান থাকবে এবং অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২) উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩) উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪) SDG বাস্তবায়নে নিয়োজিত কর্মকর্তা |
| ১৬ | দুর্ঘটনা সংক্রান্ত তথ্যাদি | যুগ্মমহাপরিদর্শক(সেফটি) বলেন যে, কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক নিহত হলে আইন ও বিধি মতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তদন্ত প্রতিবেদনে অবশ্যই দায়ীদের দোষ-ত্রুটি/অবহেলা উল্লেখ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সকল কারখানায় সেইফটি কমিটি গঠন করার জন্য সকল উপমহাপরিদর্শককে বলা হয়। তিনি আরও জানান যে, জুলাই, ২০২১ হতে মার্চ, ২০২২ মাস পর্যন্ত ১০৮ জন শ্রমিককে ক্ষতিপূরণ প্রদান নিশ্চিত করা হয়েছে এবং অর্থের পরিমাণ ১.৫৮ কোটি টাকা।<br>নিহত ও আহত সকল তদন্ত রির্পোটের সাথে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ তাঁদের মতামত উল্লেখ করবেন। সকল দুর্ঘটনা মহাপরিদর্শক এবং প্রয়োজনে সচিব/মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে দ্রুত সম্ভব অবহিত করার জন্য সকল উপমহাপরিদর্শককে অনুরোধ করা হয়। | (ক) কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক আহত-নিহত হলে আইন ও বিধিমতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) তদন্ত প্রতিবেদনে অবশ্যই মালিক ও অধিদপ্তরের কর্মকর্তাদের যদি দোষ-ত্রুটি/অবহেলা থাকে তা উল্লেখ করতে হবে।<br>(গ) শ্রম আইন অনুযায়ী প্রত্যেকটি কারখানা/প্রতিষ্ঠানে সেফটি কমিটি গঠন করতে হবে।<br>(ঘ) দুর্ঘটনা প্রতিবেদন, দুর্ঘটনা হওয়ার সঙ্গে সঙ্গে প্রধান কার্যালয়কে অবগত করতে হবে।<br>(ঙ) পেশাগত স্বাস্থ্য সম্পর্কিত প্রতিবেদন দাখিলের জন্য মালিকদের সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(চ) আইন ও বিধি মোতাবেক দূর্ঘটনায় নিহত/আহত শ্রমিক বা শ্রমিকের পরিবারকে ক্ষতিপূরণ | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। উপমহাপরির্শক (সেফটি)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>(ছ) দুর্ঘটনা প্রতিবেদন দাখিলের জন্য মালিকদের সচেতন করতে হবে এবং পাশাপাশি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১৭ | পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহার | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন), জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে বিধি মোতাবেক প্রাপ্যতা অনুসারে খরচ করতে অনুরোধ করেন। উপমহাপরিদর্শকগণ স্ব-স্ব কার্যালয়ে বরাদ্দকৃত মোটরসাইকেল/স্কুটি সচল রাখবেন এবং যানবাহনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করবেন। এছাড়াও কোন মটর সাইকেল/স্কুটি অব্যবহৃত রাখা যাবে না মর্মে মতামত ব্যক্ত করা হয়। | সরকারি অর্থ, পিপিএ এবং পিপিআর ও আর্থিক নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ স্বচ্ছতার সাথে ব্যয় নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। হিসাব উপশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৪। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৮ | শ্রম অসন্তোষ | সকল উপমহাপরিদর্শকগণ তাঁদের নির্ধারিত অধিক্ষেত্রে শ্রম অসন্তোষ নিরসনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন। শ্রম অসন্তোষ দেখা দিলে সাথে সাথে মালিক/শ্রমিকসহ পুরো টিম বসে তা নিরসন করতে হবে। প্রয়োজনে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা আহবান করতে হবে। | (ক) সকল উপমহাপরিদর্শক তাঁর নির্ধারিত অধিক্ষেত্রে শ্রম অসন্তোষ নিরসনে যথাযথ পদক্ষেপ গ্রহন করবেন এবং প্রতিমাসে রির্পোট প্রদান করবেন।<br>(খ) শ্রম অসন্তোষ হওয়ার সঙ্গে সঙ্গে বিষয়টি মহাপরিদর্শক/প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।<br>(গ) প্রয়োজনে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা আহবান করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ),<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৯ | পরিদর্শন সংক্রান্ত | মহাপরিদর্শক, নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করার জন্য সকল জেলার উপমহাপরিদর্শকগণকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা প্রমাপ অনুযায়ী পরিদর্শনের আওতায় আনতে | (ক) উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা পরিদর্শনের আওতায় আনতে হবে।<br>(খ) প্রমাপ অনুযায়ী পরিদর্শনের তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং সাধারণ শাখা | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। |

চলমান পাতা- ০৮

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | হবে। কোন কারখানা পরিদর্শনের বাইরে রাখা যাবে; এ বিষয়টি নিশ্চিত করতে হবে। | তা নিশ্চিত করবেন। | উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২০ | অভিযোগ নিষ্পত্তি | উপমহাপরিদর্শক (সাধারণ) জানান যে, অত্র অধিদপ্তরের ২০২১-২২ (মার্চ মাসের) অর্থবছরের অভিযোগ নিষ্পত্তির হার ৯৮.০৫% **(জেলাভিত্তিক অগ্রগতি: সংযুক্তি-০৩)**। প্রতি মাসে অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন ২৩ টি জেলা কার্যালয় হতে সংগ্রহ করা হয় এবং সংগৃহীত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | (ক) অভিযোগ নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখতে হবে।<br>(খ) অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে।<br>(গ) পরবর্তি সভায় জেলাভিত্তিক অভিযোগ নিষ্পত্তির তথ্য ছক আকারে উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২।উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২১ | শুদ্ধাচার | শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, ২০২১-২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে ২য় কোয়ার্টারে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল শাখায় ইউ.ও.নোট প্রেরণ করা হয়েছে।<br>মহাপরিদর্শক বলেন, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোয় অন্তর্ভুক্ত সকল সূচকে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। | (ক) শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২৩ জেলার সাথে যোগাযোগ রাখবেন।<br>(খ) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোয় অন্তর্ভুক্ত সকল সূচকে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২২ | কোভিড-১৯ | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও পরিদর্শন অব্যাহত রাখতে হবে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য প্রটোকলসহ সকল স্বাস্থ্য বিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৩ | ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প | প্রকল্প পরিচালক নিম্নোক্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন:<br>ইতোমধ্যে ০৬টি জেলায় অধিগ্রহণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে, এবং একটি জেলায় গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন জমি নেয়ার জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ করা হচ্ছে। আশা করা যাচ্ছে মার্চ ২০২২-এর মধ্যে দৃশ্যমান অগ্রগতি অর্জিত হবে।<br>মহাপরিদর্শক বলেন যে, প্রকল্পের প্রকল্প পরিচালককে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ সার্বিক সহযোগীতা প্রদান করবেন এবং | (ক) দ্রুততম সময়ের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে জমিগুলোর অধিগ্রহণ সম্পন্ন করতে হবে।<br>(খ) পরবর্তি সভায় প্রকল্প পরিচালক অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | প্রয়োজনে প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণের অংশগ্রহণে সভা আয়োজন করতে পারেন। | | |
| ২৪ | "NOSHTRI" স্থাপন প্রকল্প | "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট (NOSHTRI)" স্থাপন প্রকল্পের বিষয়ে সভায় আলোচনা হয়। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৬৬১৪.৭৯ লক্ষ টাকা, বাস্তব অগ্রগতি প্রায় ৪৬.৬৯% এবং ভৌত অগ্রগতি প্রায় ৭৫%। প্রকল্পের আওতায় নির্ধারিত প্রশিক্ষণ কর্মসূচী শুরু হয়েছে এবং ইতোমধ্যে ২৭ টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | (ক) প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) পরবর্তী সভায় প্রকল্প পরিচালক, প্রকল্পের সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রকল্প পরিচালক, "NOSHTRI" স্থাপন প্রকল্প |
| ২৫ | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তি | উপমহাপরিদর্শক নারায়ণগঞ্জ বলেন, হাসেম ফুডের নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের জন্য সরকার কর্তৃক নির্ধারিত অনুদানের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি। এ ব্যাপারে যোগাযোগ অব্যহত রাখতে হবে।<br><br>মহাপরিদর্শক বলেন, পুরানো ঢাকায় কেমিক্যাল কারখানায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের তথ্য সরকার কর্তৃক নির্ধারিত অনুদান প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট পরিদর্শকগণ নিহত শ্রমিকের আত্মীয়/অন্যকোন উৎস হতে সংগ্রহপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত প্রধান কার্যালয়ে ০৭ কার্যদিবসের মধ্যে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>এছাড়া, বগুড়ায় নিহত ০৫ (পাঁচ) জন ও কুষ্টিয়ায় নিহত ০৪ (চার) জন শ্রমিকের অনুদান প্রাপ্তি সংক্রান্ত তথ্যের আপডেট দিতে হবে। | (ক) হাসেম ফুডের নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের জন্য সরকার কর্তৃক নির্ধারিত অনুদানের ব্যাপারে যোগাযোগ অব্যাহত রাখতে এবং পরবর্তী সভায় আপডেট দিতে হবে।<br><br>(খ) পুরানা ঢাকায় কেমিক্যাল কারখানায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে প্রধান কার্যালয়ে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণ করতে হবে।<br><br>(গ) বগুড়া ও কুষ্টিয়ায় নিহত ও আহত শ্রমিকদের তথ্য পরবর্তী সভায় আপডেট দিতে হবে। | |
| ২৬ | আউটসোর্সিং লাইসেন্স নবায়ন প্রতিবেদন | মহাপরিদর্শক বলেন যে, প্রধান কার্যালয় হতে আউটসোর্সিং লাইসেন্স প্রদানের জন্য জেলা কার্যালয় হতে পরিদর্শন প্রতিবেদনে উপমহাপরিদর্শকের সুস্পষ্ট ও সুনির্দিষ্ট মতামত থাকতে হবে। | প্রধান কার্যালয় হতে আউটসোর্সিং লাইসেন্স প্রদানের জন্য জেলা কার্যালয় হতে পরিদর্শন প্রতিবেদনে উপমহাপরিদর্শকের সুস্পষ্ট ও সুনির্দিষ্ট মতামত থাকতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২৭ | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমাকৃত অর্থ | যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত প্রয়োজন। | নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৮ | প্রতিটি কারখানার জন্য পৃথক নথি সংরক্ষণ | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, জেলা কার্যালয়গুলোতে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করার জন্য বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি কার্যালয় সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করেন মর্মে অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করেছেন। | সকল জেলা কার্যালয়ে প্রতিটি কারখানা/ প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বিষয়টি পর্যবেক্ষণ করবেন। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। মনিটরিং টিম |
| ২৯ | প্রতিটি কারখানার পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ | যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের পরিদর্শন রেজিস্টার জেলা কার্যালয়গুলোতে সংরক্ষণ করা হচ্ছে এবং কার্যক্রমটি চলমান থাকবে। | সকল জেলা কার্যালয় প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩০ | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন | ইপিজেড এবং এসইপিজেড-এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করার জন্য মহাপরিদর্শক মহোদয় সকল জেলার উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | ইপিজেড এবং এসইপিজেড- এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করতে হবে এবং জেলা ভিত্তিক পরিদর্শনের তথ্য পরবর্তি সভার পূর্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩১ | টাস্কফোর্সের কার্যক্রম পরিচালনা | টাস্কফোর্সের কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) বলেন যে, টাস্কফোর্সের সভাগুলো নিয়মিত আয়োজন করা হচ্ছে। দ্রুত একটি সভা আয়োজন করে টাস্কফোর্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে মহাপরিদর্শক মহোদয়কে সার্বিক অগ্রগতি উপস্থাপন করা হবে। | (ক) বিভিন্ন ক্যাটাগরীতে (ফায়ার, ইলেক্ট্রিক্যাল, স্ট্রাকচারাল) টাস্কফোর্সের-এর অধীনে জেলাভিত্তিক কারখানার সংখ্যা এবং তন্মধ্যে কতটি কারখানার কার্যক্রম অনিষ্পন্ন রয়েছে, তা অনতিবিলম্বে মহাপরিদর্শক মহোদয়কে অবহিত করতে হবে।<br>(খ) টাস্কফোর্স পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত অত্র দপ্তরের ০৯ (নয়) জন প্রকৌশলী পরবর্তি | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। উপমহাপরিশক (সেফটি)<br>০৩। টাস্কফোর্সে নিয়োজিত প্রকৌশলী (সকল) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | সভায় উপস্থিত থাকবেন এবং টাস্কফোর্সের অগ্রগতি সভায় উপস্থাপন করবেন। | |
| ৩২ | মনিটরিং টিম-এর কার্যক্রম | জেলা কার্যালয়সমূহের কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্ত প্রধান কার্যালয়ে গঠিত মনিটরিং টিম-এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। মহাপরিপরিদর্শক বলেন যে, পরিদর্শন কার্যক্রম যথাসময়ে শেষ করতে হবে। | (ক) গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মনিটরিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবেন। | ১। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ৩৩ | পরিদর্শকগণের পোশাক সংক্রান্ত | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, অধিদপ্তরের ইউনিফরম/ পোশাক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের ক্ষেত্রে ইতোপূর্বে গৃহীত সকল কার্যক্রমের সর্বশেষ কাগজপত্রাদিসহ মহাপরিদর্শক এবং যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) মহোদয়ের সাথে আলোচনা করা হয়েছে। জননিরাপত্তা বিভাগের ১৫-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বর্তমান ইউনিফরমটি ডিবি পুলিশের অনুরূপ হওয়ায় এর মধ্যে দৃশ্যমান পরিবর্তন করে নতুন একটি ডিজাইন প্রস্তুত করে প্রেরণ করার জন্য বলা হয়। তৎপ্রেক্ষিতে, ২৩-১২-২০১৮ তারিখে নতুন একটি ইউনিফরম/কটি প্রস্তুত করে অত্র দপ্তর হতে প্রেরণ করা হলেও উক্ত নমুনায় কোন কপি এ দপ্তরে সংরক্ষিত নেই এবং এ সংশ্লিষ্ট আর কোন অগ্রগতি হয়নি। এমতাবস্থায়, নতুন ভাবে ইউনিফরম/কটি এর নমুনা প্রস্তুত করে অনুমোদনের জন্য পুনরায় প্রেরণ করা যেতে পারে।<br>পরবর্তিতে, উপস্থিত সকল সদস্যগণের নিকট হতে নমুনা কটি/ইউনিফরমের রং নির্ধারণের জন্য মতামত নেওয়া হয়।<br>মহাপরিদর্শক মহোদয় খুব দ্রুত সময়ের মধ্যে কটি/পোশাক এর নমুনা তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | (ক) নমুনা কটি/ইউনিফরম প্রস্তুতপূর্বক পত্রসহ কটি/ইউনিফরম মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩৪ | সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ | উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) জানান যে, মার্কেট পরিদর্শনের নিমিত্ত গঠিত ১১টি টিমের প্রজ্ঞাপন জারি হয়েছে এবং | (ক) সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ টিমের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রেখে | ১। অতিরিক্ত মহাপরিদর্শক, প্রধান কার্যালয় |

চলমান পাতা- ১২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | কার্যক্রম | তাদেরকে অবহিত করা হয়েছে এবং এ সংক্রান্ত পরিদর্শন কার্যক্রম ইদ-উল-ফিতরের পরে শুরু হবে।<br>মহাপরিদর্শক বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা মার্কেট পরিদর্শনের নিমিত্ত গঠিত ১১টি টিমের সদস্য সচিবদের নিয়ে একটি সভার আয়োজন করবে। | সুষ্ঠূভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা মার্কেট পরিদর্শনের নিমিত্ত গঠিত ১১টি টিমের সদস্য সচিবদের নিয়ে একটি সভার অতিদ্রুত সময়ের মধ্যে আয়োজন করবেন। | ও<br>এ লক্ষ্যে গঠিত কমিটির অন্যান্য সদস্যবৃন্দ<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৩। মোঃ শাহিনুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ৩৫ | মামলা সংক্রান্ত তথ্য-উপাত্ত | মহাপরিদর্শক বলেন, মামলা সংক্রান্ত তথ্য-উপাত্তের জন্য একটি ডাটাব্যাজ তৈরি করতে হবে। এবিষয়ে আইন কর্মকর্তা যোগাযোগ মন্ত্রণালয়ের আইন শাখার সাথে যোগাযোগ করবেন। | মামলা সংক্রান্ত তথ্য-উপাত্তের জন্য একটি ডাটাব্যাজ তৈরি বিষয়ে আইন কর্মকর্তা যোগাযোগ মন্ত্রণালয়ের আইন শাখার সাথে যোগাযোগ করে পরবর্তী সভায় এর অগ্রগতি উপস্থাপন করবেন।। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। মোঃ মাসুম বিল্লাহ, আইন কর্মকর্তা<br>৩। ইফফাত আরা, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) |
| ৩৬ | অডিট আপত্তি | শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব ওহীদুর রহমান জানান যে, সর্বমোট ২৮টি অডিট আপত্তির মধ্যে ০৭টি অডিট আপত্তি নিষ্পন্ন হয়েছে। অবশিষ্ট ২১টির ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে এবং দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে যোগাযোগ অব্যাহত আছে। | (ক) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করতে হবে।<br>(খ) অডিট আপত্তি নিষ্পত্তির সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রসাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৩। মোঃ ওহীদুর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ) |
| ৩৭ | তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/<br>হালনাগাদকরণের ব্যাপারে আলোচনা হয়। | (ক) তথ্য প্রদান সহজীকরণ করার নিমিত্তে প্রধান কার্যালয়ের **প্রশাসন ও উন্নয়ন শাখা** এপিএ, রাজস্ব আয়, প্রশিক্ষণ, জনবল, বিভিন্ন কমিটিসহ প্রশাসন শাখা সংশ্লিষ্ট তথ্যের ক্যাটালগ হালনগাদ রাখবেন।<br>(খ) **সাধারণ শাখা** শ্রম পরিদর্শন, শ্রম অভিযোগ, শ্রম বিষয়ক | ১। প্রকল্প পরিচালক (সকল)<br>২। যুগ্মমহাপরিদর্শক (সকল)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। তথ্য অধিকার বাস্তবায়নে |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | মামলা, লাইসেন্স, গণশুনানি, ঠিকাদারি সংস্থার লাইসেন্স, নিম্নতম মজুরি, নিয়োগবিধি, পরিদর্শনযোগ্য কারখানা ও প্রতিষ্ঠান, হেল্প লাইন, কারখানায় শ্রমিক সংখ্যাসহ শাখাসংশ্লিষ্ট তথ্যের ক্যাটালগ হালনগাদ রাখবেন।<br>(গ) **সেইফটি শাখা** কারখানায় দুর্ঘটনা ও ক্ষতিপূরণ, সেইফটি কমিটি ও সংস্কার সমন্বয় সেলসহ সেইফটি শাখাসংশ্লিষ্ট সকল তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(ঘ) **স্বাস্থ্য শাখা** শিশুশ্রম, প্রসূতিকল্যাণ সুবিধা, শিশুকক্ষ স্থাপনসহ শাখা সংশ্লিষ্ট সকল তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(ঙ) **প্রকল্প পরিচালকগণ** স্ব স্ব প্রকল্প বিষয়ক তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(চ) **আইসিটি সেল** ইনোভেশন, সেবা সহজীকরণ, তথ্য বাতায়ন ও আইটিসংশ্লিষ্ট তথ্যাবলির ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(ঘ) **আঞ্চলিক কার্যালয়ের সকল উপমহাপরিদর্শকগণ** স্ব স্ব কার্যালয় কর্তৃক সম্পাদিত সকল কার্যক্রমের তথ্য ও পরিসংখ্যানের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতপূর্বক তা হালনাগাদ রাখবেন। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৩৮ | বিডা | বিডা পরিদর্শন সংক্রান্ত সকল তথ্য উপাত্ত সভায় উপস্থাপন করা প্রয়োজন। | এ বিষয়ে সকল তথ্যের অগ্রগতি প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে। | উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) |
| ৩৯ | স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ | উপমহাপরিদর্শক, ময়মনসিংহ বলেন, স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ প্রয়োজন। | স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করতে হবে। | **তথ্য ও গণসংযোগ কর্মকর্তা** |
| ৪০ | ডাইফের অফিসিয়াল | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট করা প্রয়োজন। | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। | **আইসিটি সেল, ডাইফ** |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | ওয়েবসাইট আপডেট | | | |
| ৪১ | পদোন্নতি | ২০তম গ্রেড হতে-১০ম গ্রেড পর্যন্ত কর্মচারিদের পদোন্নতির বিষয়টি দ্রুত সম্পাদন করতে হবে। | **অতিরিক্ত মহাপরিদর্শক প্রতিমাসে এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে অবহিত করবেন।** | অতিরিক্ত মহাপরিদর্শক |
| ৪২ | বিবিধ | (ক) সভায় RCC, CAP প্রকল্প, ILO, NAP এবং EU Road Map বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।<br><br>(খ) প্রধান কার্যালয়ের নথিপত্র পর্যালোচনায় দেখা যায়, পরিদর্শকদের দায়িত্ব বণ্টনের পূর্বে ডাইফ এর প্রধান কার্যালয়/মহাপরিদর্শকের লিখিত/মৌখিক পূর্বানুমোদন নেয়া হতো। বর্তমানে বিষয়টি পরিলক্ষিত হচ্ছে কিনা সে বিষয়ে উপমহাপরিদর্শক মহোদয়গণকে আলোচনায় অনুরোধ করা হয়। | (ক) RCC, CAP প্রকল্প, ILO, NAP এবং EU Road Map বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে বিশেষ নজর দেয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>(খ) এ বিষয়ে অতিরিক্ত মহাপরিদর্শক প্রতিমাসে কমপক্ষে একটি সভা করবেন। পরিদর্শকদের এলাকা বণ্টনের ক্ষেত্রে মহাপরিদর্শক/প্রধান কার্যালয়ের পূর্বানুমোদনের বিষয়টি পরবর্তী সভায় আলোচনা করা হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক, প্রধান কার্যালয়<br>২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৪। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৫/২০২২

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
ig@dife.gov.bd

স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.০৬.০০২.২১- ৭২৫ তারিখ: ২৬ মে ২০২২

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪-৭। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠআন পরিদর্শন অধিদপ্তর

৮। জনাব সুকান্ত বসাক, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় **(পরবর্তি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)**

৯-১২। যুগ্ম-মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সেদফটি/সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৩-১৬। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সেফটি/সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৭-৩৯। উপমহাপরিদর্শক (সকল জেলা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪০। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪১। সহকারি মহাপরিদর্শক (সকল), প্রশাসন ও উন্নয়ন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪২। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৩। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৪। মোঃ শাহিনুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৪৫। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৬। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪৭। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪৮। সহকারী মহাপরিদর্শক (সেইফটি)/শ্রম পরিদর্শক (সেইফটি), (ফায়ার/ইলেক্ট্রিক্যাল/স্ট্রাকচারাল) টাস্কফোর্স কমিটি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪৯। অফিস কপি।

২৮.০৫.২০২২

(মোঃ মোর্তজা মোর্শেদ)
উপমহাপরিদর্শক
(প্রশাসন ও উন্নয়ন)